

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২৩ তারিখ: ২৫ জুলাই ২০১৭ মঙ্গলবার

সর্বশেষ পরিস্থিতি

- ৯ এপ্রিল হতে ২৫ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮২৪ জন।
- আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৫ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২৩৪৬টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ১৮৬৮ জন। সম্ভাব্য নতুন রোগী ৮২৮ জন ও পুরোনো রোগী ১০৪০ জন। অবশিষ্ট ফোনকলকারীগণ তথ্য জানতে চেয়েছেন। নতুন রোগীদের জ্বর, গিরা ব্যথা এবং/অথবা গায়ের চামড়া লালচে। পুরোনো রোগীদের জ্বর নেই, তবে গিরা ব্যথা আছে।

চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে সশস্ত্র বাহিনী মেডিক্যাল সার্ভিসের মহাপরিচালকের সাথে আইইডিসিআর-এর পরিচালকের বৈঠক



আজ আইইডিসিআর-এর পরিচালক প্রফেসর মীরজাদী সেব্রিনা ফ্লোরা ঢাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনীর মেডিক্যাল সার্ভিসের মহাপরিচালক (ডিজিএমএস) মেজর জেনারেল এস এম মোতাহার হোসেন ও অন্যান্য কর্মকর্তাদের সাথে বৈঠকে মিলিত হন। বৈঠকে সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে ডিজিএমএস চিকুনগুনিয়া রোগীদের তথ্য নিয়মিতভাবে আইইডিসিআর-এ পাঠাবে এবং চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে আইইডিসিআর ও ডিজিএমএস সমন্বিতভাবে কাজ করবে।

পরিবেশ পরিচ্ছন্ন রাখুন। এডিস মশা থেকে মুক্ত থাকুন।।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (২৫/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (২৫/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১০	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	১৭	৪
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২১	৩
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
সর্বমোট	১২৭	৩৬**

*সিটি কর্পোরেশন ব্যতীত

** এদের অনেকেরই ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিশ্বায়িত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন